

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৩

২২. ওয়াসিয়াত অধ্যায় (کتاب الوصایا)

পরিচ্ছেদঃ ৪৫. আল্লাহর রাস্তায় কোনো কিছু দান করলে

باب إِذَا أُوْصَى بِشَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

حَدَّ ثَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا عَبْدُ الْعَزِيزِ هُوَ ابْنُ مُحَمَّدٍ عَنْ مُوسَى هُوَ ابْنُ عُقْبَةَ عَنْ نَافِعٍ أَنَّ رَجُلًا جَاءَ إِلَى ابْنِ عُمَرَ فَقَالَ إِنَّ رَجُلًا أَوْصنَى إِلَيَّ وَجَعَلَ نَاقَةً فِي سَبِيلِ اللَّهِ وَلَيْسَ هَذَا زَمَانًا يُخْرَجُ إِلَى الْغَزْوِ فَأَحْمِلُ عَلَيْهَا فِي الْحَجِّ فَقَالَ ابْنُ عُمَرَ الْحَجُّ وَالْعُمْرَةُ مِنْ سَبِيلِ اللَّهِ مِنْ سَبِيلِ اللَّهِ

বাংলা

৩৩৪৩. নাফি'ঈ হতে বর্ণিত, এক ব্যকি ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু এর নিকট এসে বললো, এক লোক আমার প্রতি আল্লাহর রাস্তায় একটি উট প্রদানের ওয়াসীয়াত করে। আর এ যুগে তো যুদ্ধের জন্য (উট-ঘোড়া) বের করা হয় না। তাই আমি কি সেটি হাজ্জের বাহন হিসেবে ব্যবহার করতে পারি?তখন ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বললেন: হাজ্জ ও উমরাহ আল্লাহর রাস্তায় (জিহাদ করা) বলে গণ্য।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/১৮১ নং ১০৮৮৮; বাইহাকী, ওয়াসাইয়া ৬/২৭২ সহীহ সনদে।

আর এর শাহিদ হাদীস রয়েছে উম্মু মা'কিল হতে তায়ালিসী ১/২০২ নং ৯৭৬; আহমাদ ৬/৪০৫-৪০৬; হাকিম, মুসতাদরাক ১/৪৮২। হাকিম বলেন, মুসলিমের শর্তানুযায়ী সহীহ, যাহাবী তা সমর্থন করে; আর এটি তেমনি যেমন তারা দু'জন বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন